

# যুগান্তর

প্রিন্ট: ১৫ ডিসেম্বর ২০২৪, ১০:২২ এএম

জাতীয়

## প্রতিটি শিক্ষার্থীর ভবিষ্যৎ ঝুলছে টাকার অংকে: হাসনাত আবদুল্লাহ



যুগান্তর ডেস্ক

প্রকাশ: ১৪ ডিসেম্বর ২০২৪, ০১:৫৩ পিএম



শিক্ষাকে গুরুত্ব দিয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আবদুল্লাহ বলেছেন, শিক্ষা সবার অধিকার, বাণিজ্যের পণ্য নয়।

শনিবার (১৪ ডিসেম্বর) দুপুরে নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে তিনি এসব কথা বলেন।

হাসনাত আবদুল্লাহ লিখেছেন, হাজার টাকার আবেদন ফি, যাতায়াত ও থাকার খরচ—বর্তমান ভর্তি প্রক্রিয়া শিক্ষার্থীদের জন্য এক ভয়ানক আর্থিক চাপ। প্রতিটি শিক্ষার্থীর ভবিষ্যৎ ঝুলছে টাকার অংকে।

তিনি লেখেন, মেধার মূল্যায়ন নয়, বৈষম্যের দেয়াল টেনে দিচ্ছে এই ব্যবস্থা। উচ্চশিক্ষা কি শুধুই ধনীদের জন্য?

সর্বশেষ তিনি আরও লেখেন, আবেদন ফি কমাও, গুচ্ছ পদ্ধতি চালু রাখ।

এর আগে, এক ফেসবুক পোস্টে হাসনাত আবদুল্লাহ লেখেন, বাংলাদেশের শিক্ষাব্যবস্থায় প্রাথমিক শিক্ষা সবচেয়ে অবহেলিত একটি খাত। অথচ, এটি সমাজে সবচেয়ে বেশি গুরুত্ব পাওয়া উচিত।

তিনি লিখেছেন, বেতন কাঠামো এবং সামাজিক স্বীকৃতির দিক থেকে পিছিয়ে থাকা প্রাথমিক শিক্ষা, দেশের সামগ্রিক শিক্ষা উন্নয়নের মূলভিত্তি হিসেবে কাজ করে। প্রাথমিক ও মাধ্যমিক স্তরে মানসম্মত শিক্ষা নিশ্চিত না করা গেলে উচ্চশিক্ষায় গুণগত মান অর্জন করা সম্ভব নয়।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের এই আহ্বায়ক আরও লিখেছেন, এই বাস্তবতায়, প্রাথমিক শিক্ষকরা দীর্ঘদিন ধরে বিদ্যমান বেতন কাঠামোর পরিবর্তন, মেধার ভিত্তিতে পদোন্নতি, এবং অন্যান্য দাবির বিষয়ে সোচ্চার ছিলেন।



